

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৬.৯৯.০০০৯.১৮.৫৯

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত বা নিজস্ব জমি ব্যবহারের অনুশাসন-২০২৬

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত বা নিজস্ব জমি ব্যবহারের নিম্নোক্ত অনুশাসন-২০২৬ জারি করা হলো:

- ১। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত কোন জমি বর্তমানে পানি উন্নয়ন বোর্ডের আর প্রয়োজন না হলে তার কারণ ব্যাখ্যা ও বিস্তারিত তফসিলসহ তালিকা প্রণয়ন করতে হবে এবং প্রস্তুতকৃত তালিকা পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
 - ২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জমি ব্যক্তি পর্যায়ে বরাদ্দ/লীজ দেয়া যাবেনা।
 - ৩। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এল এ কেসমূলে অধিগ্রহণকৃত কোন জমি গেজেটভুক্ত না হয়ে থাকলে তার তালিকা দ্রুত প্রণয়ন করতে হবে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
 - ৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এল এ কেসমূলে অধিগ্রহণকৃত কোন জমি গেজেটভুক্ত না হয়ে থাকলে তার গেজেট বিজ্ঞপ্তি জারীর দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 - ৫। অধিগ্রহণকৃত সকল জমির নামজারী দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
 - ৬। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত কোন জমি পানি উন্নয়ন বোর্ডের নামে হালনাগাদ রেকর্ড না হয়ে থাকলে দ্রুত রেকর্ড সংশোধন/হালনাগাদ করণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
 - ৭। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল সম্পত্তির ডিজিটাল তালিকা ও ডাটাবেজের কাজ (Fixed Asset Register) দ্রুত সম্পন্ন করতে হবে এবং সমাপ্তকৃত তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
 - ৮। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত ও নিজস্ব সকল জমির অবৈধ দখল রোধে দখলদারদের তালিকা প্রস্তুত করে দখল উচ্ছেদে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। সকল জায়গায় যথাযথ সাইনবোর্ড স্থাপন করতে হবে।
 - ৯। সকল সম্পত্তির যথাযথ ব্যবস্থাপনায় পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের তদারকি জোরদার করতে হবে।
 - ১০। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন-২০১৭ সহ সরকারের এতদসংক্রান্ত অন্যান্য আইন/বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ২। ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জারিকরণ হল। ইহা জনস্বার্থে অবিলম্বে কার্যকর হবে।



১৫-০২-২০২৬

সুজিত হাওলাদার

উপসচিব

ফোন : ২২২৩৩৫৬৫০৮

ইমেইল : dev3@mowr.gov.bd

মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৬.৯৯.০০০৯.১৮.৫৯/১ (৪)

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয় এবং
- ৪। যুগ্মসচিব (উন্নয়ন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।



১৫-০২-২০২৬
সুজিত হাওলাদার
উপসচিব



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.৭২.০০০২.২৩.৪২

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত বা নিজস্ব জমি ব্যবহারের অনুশাসন-২০২৬।

উপর্যুক্ত পত্রের নির্দেশনাসমূহ প্রতিপালন এবং সংযুক্ত ছকসহ অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০২.২১.২৬ তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ মাধ্যমে প্রেরণকৃত ছক পূরণ করে (PDF কপি ও MS Excel শীটে সফটকপি) জরুরীভিত্তিতে অত্র দপ্তরের ইমেইলে (landrev@yahoo.com) প্রেরণ করার জন্য পত্রটি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

সংযুক্তিসমূহঃ

- (১) 42_00_0000_000_036_99_0009_18_59-2026-02-15-1771156332
- (২) বাপাউবো'র অধিগ্রহণকৃত প্রয়োজন না হওয়া জমি ও ইজারা প্রদানকৃত জমির ছক
- (৩) অত্র স্মারক নং- ২৬ তারিখঃ ০৩-০২-২৬ খ্রিস্টাব্দ

২৫-০২-২০২৬
মোঃ আতিকুর রহমান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৫৬
ইমেইল : dir.land@bwdb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী / অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।

- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো এবং
- ৩। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.৭২.০০০২.২৩.৪২/১ (৯)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সিনিয়র সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) / সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) (সকল), বাপাউবো।
- ৫। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), বাপাউবো।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা এবং
- ৯। অফিস কপি, মাস্টার কপি।



২৫-০২-২০২৬
মোঃ জহিরুল ইসলাম
উপ-পরিচালক